# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ৩২টি প্রতিষ্ঠানকে ২.১৬ লক্ষ টাকা জরিমানা

**২১ জুন ২০১৭ খ্রিঃ**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ১১ জন কর্মকর্তার নেতৃত্বে গোপালগঞ্জ, সিলেট, পঞ্চগড়, লালমনিরহাট, রংপুর, দিনাজপুর, সিলেট, মাগুরা, চট্টগ্রাম, কুড়িগ্রাম ও ব্রাহ্মণবাড়িয়ায় আজ বাজার তদারকি করা হয়।

গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্যাহের নেতৃত্বে কোতয়ালী ও শাহপরান উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩৭,০০০/- (সাইত্রিশ হাজার)** টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হেলাল উদ্দীনের নেতৃত্বে পঞ্চগড় সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, লালমনিরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে লালমনিরহাট সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা, রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৩,৫০০/- (তিন হাজার পাঁচশত)** টাকা, দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে দিনাজপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২,২০০/- (দুই হাজার দুইশত)** টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে গোপালগঞ্জ উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, মাগুরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে মহম্মদপুর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে বন্দর থানা উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগর সদরঘাট উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে ইপিজেড থানা উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২৫,০০০/- (পচিঁশ হাজার)** টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রাম সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, ব্রাহ্মণবাড়িয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৬০,০০০/- (ষাট হাজার)** টাকাসহ মোট ২,১২,৭০০/- **(দুই লক্ষ বার হাজার সাতশত)** টাকা পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, অবৈধ প্রক্রিয়ায় পণ্য উৎপাদন, পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদন, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে চিকেন হাট (Friends cafe) কে **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩৭৫/- (তিনশত পচাঁত্তর)** টাকা প্রদান করা হয়।

আজকের **১১টি** বাজার তদারকির ও **১টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৩২টি** প্রতিষ্ঠানকে মোট **২,১৬,২০০/- (দুই লক্ষ শোল হাজার দুইশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **১ জন** অভিযোগকারীকে মং **৩৭৫/- (তিনশত পচাঁত্তর)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।


স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, গোপালগঞ্জ, সিলেট, পঞ্চগড়, লালমনিরহাট, রংপুর, দিনাজপুর, সিলেট, মাগুরা, চট্টগ্রাম, কুড়িগ্রাম ও ব্রাহ্মণবাড়িয়া।
৭। পুলিশ সুপার, গোপালগঞ্জ, সিলেট, পঞ্চগড়, লালমনিরহাট, রংপুর, দিনাজপুর, সিলেট, মাগুরা, চট্টগ্রাম, কুড়িগ্রাম ও ব্রাহ্মণবাড়িয়া।
৮। ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

**প্রেস বিজ্ঞপ্তি**

# জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
# বিভিন্ন অপরাধে ৬৪টি প্রতিষ্ঠানকে ৩.০৬ লক্ষ টাকা জরিমানা

**২১ জুন ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ২২ জন কর্মকর্তার নেতৃত্বে শেরপুর, ফরিদপুর, চট্টগ্রাম, কক্সবাজার, দিনাজপুর, কুড়িগ্রাম, বরিশাল, ফেনী, সিলেট, বগুড়া, পঞ্চগড়, ঠাকুরগাঁও, মাগুরা, ব্রাহ্মণবাড়ীয়া, পাবনা, গাইবান্ধা, কুষ্টিয়া ও কুমিল্লায় আজ বাজার তদারকি করা হয়।

শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আরিফুল ইসলামের নেতৃত্বে শেরপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা, ফরিদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: নাজমুল হাসানের নেতৃত্বে ফরিদপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকাসহ মোট **১৮,০০০/- (আঠার হাজার)** টাকা পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, ওজনে কারচুপি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের বায়োজিদ থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রামের খুলশি ও সদরঘাট থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রামের ডবলমুড়িং থানা এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা, কক্সবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সুলতান মাহমুদ মিলনের নেতৃত্বে কক্সবাজার সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১৬,০০০/- (ষোল হাজার)** টাকা, দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে দিনাজপুরের নবাবগঞ্জ উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রাম সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশাল মহানগরের কোতয়ালী থানা এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমি রাণী মিত্রের নেতৃত্বে বরিশাল মহানগরের কোতয়ালী থানা এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা, ফেনী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সোহেল চাকমার নেতৃত্বে ফেনী সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সিলেটের বিশ্বনাথ উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে বগুড়ার শিবগঞ্জ উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: হেলাল উদ্দীনের নেতৃত্বে পঞ্চগড়ের বোদা উপজেলায় **৭টি** প্রতিষ্ঠানকে **৩,৭০০/- (তিন হাজার সাতশত)** টাকা, ঠাকুরগাঁও জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: হেলাল উদ্দীনের নেতৃত্বে ঠাকুরগাঁও সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১,০০০/- (এক হাজার)** টাকা, মাগুরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে মাগুরা সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে ব্রাহ্মণবাড়ীয়া সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১৩,৫০০/- (তের হাজার পাঁচশত)** টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ. এস. এম. মাসুম-উদ-দৌলার নেতৃত্বে পাবনা সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, গাইবান্ধা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: মোস্তাফিজুর রহমানের নেতৃত্বে গাইবান্ধার সাদুল্যাপুর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়া সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্যাহ এর নেতৃত্বে সিলেটের মোগলাবাজার এলাকায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৬,০০০/- (ষোল হাজার)** টাকা, কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লার মনোহরগঞ্জ উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকাসহ মোট **২,৭৬,২০০/- (দুই লক্ষ ছিয়াত্তর হাজার দুইশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, দৈর্ঘ্য পরিমাপের কার্যে ব্যবহৃত পরিমাপক ফিতাতে কারচুপি, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করা, পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদন, ওজনে কারচুপি ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে কস্তুরী অর্কিডকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

ফরিদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: নাজমুল হাসান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে DOLCE VITA কে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ শোয়াইব মিয়া কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে আক্তার টেলিকমকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৭৫০/- (সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: জাহাঙ্গীর আলম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করার অপরাধে চন্দ্রা সুজকে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

আজকের **২২টি** বাজার তদারকির ও **৪টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৬৪টি** প্রতিষ্ঠানকে মোট **৩,০৬,২০০/- (তিন লক্ষ ছয় হাজার দুইশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৪ জন** অভিযোগকারীকে মং **৩,০০০/- (তিন হাজার)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, শেরপুর, ফরিদপুর, চট্টগ্রাম, কক্সবাজার, দিনাজপুর, কুড়িগ্রাম, বরিশাল, ফেনী, সিলেট, বগুড়া, পঞ্চগড়, ঠাকুরগাঁও, মাগুরা, ব্রাহ্মণবাড়ীয়া, পাবনা, গাইবান্ধা, কুষ্টিয়া ও কুমিল্লা।
৭। পুলিশ সুপার, শেরপুর, ফরিদপুর, চট্টগ্রাম, কক্সবাজার, দিনাজপুর, কুড়িগ্রাম, বরিশাল, ফেনী, সিলেট, বগুড়া, পঞ্চগড়, ঠাকুরগাঁও, মাগুরা, ব্রাহ্মণবাড়ীয়া, পাবনা, গাইবান্ধা, কুষ্টিয়া ও কুমিল্লা।
৮। ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।